



আ. লীগকে রাজনীতির সুযোগ দিচ্ছে বিএনপি: গোলাম পরওয়ার



গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

আওয়ামী লীগকে দেশে রাজনীতি করার সুযোগ করে দিচ্ছে ক্ষমতাসীন বিএনপি বলে মন্তব্য করেছেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। তাঁর অভিযোগ, দিল্লির সঙ্গে যোগাযোগের মাধ্যমে আওয়ামী লীগের সঙ্গে সমঝোতা করছে বিএনপি।

বুধবার (২১ অক্টোবর) সকালে রাজধানীর তোপখোলা রোডে বাংলাদেশ লেবার পার্টির নতুন কার্যালয় উদ্বোধন অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি।

গোলাম পরওয়ার বলেন, নিত্যপণ্যের দাম বেড়ে যাওয়ায় শ্রমিকদের অবস্থা ভালো নয়। অথচ চাঁদাবাজি ও দ্রব্যমূল্যের উর্ধ্বগতি নিয়ে প্রধানমন্ত্রী বিরোধী দলের ওপর দায় চাপাচ্ছেন।

এ সময় শ্রমিকদের বেতন বৃদ্ধির দাবিতে চলমান আন্দোলন প্রসঙ্গে তিনি বলেন, আলোচনার মাধ্যমে সরকারের উচিত শ্রমিকদের দাবি মেনে নেওয়া।

LENS ASIA